

# **II** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭১২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৮৭৮]

৫৩। জান্নাত, জান্নাতের নি'আমাত ও জান্নাতবাসীদের বর্ণনা (كتاب الجنة وصفة نعيمها وأهلها)

পরিচ্ছেদঃ ১৯. মৃত্যুক্ষণে আল্লাহর প্রতি উত্তম ধারণ গ্রহণ করার হুকুম প্রসঙ্গে

باب الأَمْرِ بِحُسْنِ الظَّنِّ بِاللَّهِ تَعَالَى عِنْدَ الْمَوْتِ

#### আরবী

وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، قَالاَ حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي شَيْبَةَ، قَالاَ حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي سُفْيَانَ، عَنْ جَابِرٍ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ " يُبْعَثُ كُلُّ عَبْدٍ عَلَى مَا مَاتَ عَلَيْهِ ".

#### বাংলা

৭১২৪-(৮৩/২৮৭৮) কুতাইবাহ ইবনু সাঈদ ও উসমান ইবনু আবূ শাইবাহ্ (রহঃ) ..... জাবির (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম কে এ কথা বলতে শুনেছি যে, প্রত্যেক বান্দা কিয়ামতের দিন ঐ অবস্থায় পুনরুথিত হবে, যে অবস্থায় সে মৃত্যুবরণ করল। (ইসলামিক ফাউন্ডেশন ৬৯৬৮, ইসলামিক সেন্টার ৭০২৬)

## **English**

### Jabir reported:

I heard Allah's Apostle (ﷺ) as saying. Every servant would be raised (in the same very state) in which he dies.

### হাদিসের শিক্ষা

- \* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। এই বিষয়ে মনের মধ্যে ঈমান বা বিশ্বাস স্থাপন করা অপরিহার্য যে, মানুষ এই দুনিয়াতে যে সমস্ত সৎ কর্ম অথবা কুকর্ম সম্পাদন করবে, তার কর্মের ফলাফল পেয়ে যাবে। এবং পরকালে প্রত্যেক মানুষ আপন আপন কর্ম হিসেবে ফল ভোগ করবে।



- ২। মানুষ যেন নিজের পাপকে সদা সর্বদা ভয় করে, কেননা দুনিয়াতে এবং পরকালে মানুষের পাপই হলো তার ক্ষতিকর বস্তু।
- ৩। পরকালে কিয়ামতের দিন প্রত্যেক ব্যক্তিকে তার ওই ঈমান বা ধর্মীয় বিশ্বাস, কর্ম এবং আচরণসহ পুনরুখিত করা হবে, যেই ঈমান বা ধর্মীয় বিশ্বাস, কর্ম এবং আচরণসহ দুনিয়াতে তার মৃত্যু ঘটবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন